গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

**সভার কার্যবিবরণী**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০০৫.১৫/ ২৮৫(৮) তারিখঃ ১২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ। ২৭ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর প্রদত্ত সেবার উপর মূল্য সংযোজন কর দাবি সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ মোঃ মাসুদ সাদিক
সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড।

সভার তারিখঃ ২৩ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ (সকাল ১০.৩০ টা)

সভার স্থানঃ জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক নীতি) মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-৫২৮)।

গত ২৩ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ (সকাল ১০:৩০ ঘটিকা) তারিখে সদস্য (মূসক নীতি) জনাব মোঃ মাসুদ সাদিক এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-৫২৮) মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর প্রদত্ত সেবার উপর পরিহারকৃত মূসক দাবির বিষয় পর্যালোচনার লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **সংলাগ-ক** তে উপস্থাপন করা হলো।

০২। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর তার বক্তব্যে জানান, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর প্রথম তফসিলের অনুচ্ছেদ-৪ এর দফা (গ) এ "স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান" কে মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে। তিনি উল্লেখ করেন এসআরও নং- ১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক, তারিখঃ ১৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ এ "স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান" এর সংজ্ঞা নেই। কিন্তু সেবা কোড S০৭৫.০০ এ "স্টক ও সিকিউরিটি ব্রোকার" এর সংজ্ঞা রয়েছে, যেখানে বলা হয়েছে,

> "স্টক ও সিকিউরিটি ব্রোকার অর্থ কমিশনের বিনিময়ে কোন বিনিয়োগকারী ওনার'স একাউন্টসধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে শেয়ার ক্রয়-বিক্রয় কার্যে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান।"

মহাপরিচালক মহোদয় বলেন, সিডিবিএল সংজ্ঞানুযায়ী স্টক ও সিকিউরিটি ব্রোকার নয়। উক্ত প্রতিষ্ঠান নির্দিষ্ট পরিমাণ ফি এর বিনিময়ে বিনিয়োগকারীদের শেয়ার ইলেক্ট্রনিক ফর্মে সংরক্ষণ করে এবং উক্ত শেয়ার স্টক এক্সচেঞ্জে লেনদেন সংক্রান্ত যাবতীয় সেবা প্রদান করে।

০৩। সভার এ পর্যায়ে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক, সিডিবিএল এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা স্টক এক্সচেঞ্জের চিফ ফাইনান্সিয়াল অফিসার, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশের সিনিয়র প্রিন্সিপাল অফিসার এবং সিডিবিএল এর চিফ একাউন্ট্যান্ট নিম্নোক্ত বক্তব্য তুলে ধরেন:

(ক) সেন্ট্রাল ডিপজিটরী বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নিয়ন্ত্রণাধীন ডিপজিটরী আইন দ্বারা গঠিত একটি স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান।

(খ) সিডিবিএল এর পরিচালক হচ্ছে ঢাকা স্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, প্রাইম ব্যাংক, স্কয়ার ফার্মাসিউটিক্যালস, জাতীয়করণকৃত বাণিজ্যিক ব্যাংক, সাধারণ বীমা কর্পোরেশন, এসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, এবি ব্যাংক লিমিটেড, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক এবং সিডিবিএল এর মনোনীত প্রতিনিধি।

(গ) প্রতিষ্ঠানটি Depositories Act, 1999, Depositories Regulations, 2000, Depository (User) Regulations, 2003 এবং CDBL এর নিজস্ব আইন দ্বারা পরিচালিত হয়।

(ঘ) CDBL কম্পিউটারাইজড বুক সিস্টেম এর মাধ্যমে শেয়ার আদান-প্রদান, নিষ্পত্তি ও হস্তান্তর সংক্রান্ত সেবা প্রদান করে থাকে। অর্থাৎ শেয়ার মালিকানা পরিবর্তন সম্পূর্ণ অনলাইনে সম্পন্ন হয়ে থাকে।

(ঙ) মূসক নিরীক্ষা, তদন্ত ও গোয়েন্দা অধিদপ্তর কর্তৃক ২০১৩-১৪ হতে ২০১৭-১৮ অর্থবছর পর্যন্ত সার্ভিস কোড নং S০৫৬.০০ (ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী) এর বিপরীতে মূসক ও সুদ বাবদ মোট ১১২,৯৮,৩৪,৭৫২ টাকা দাবি করা হয়েছে। ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী এর সংজ্ঞা অনুযায়ী স্টক এক্সচেঞ্জের তালিকাভূক্ত কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় উক্ত সেবার অন্তর্ভূক্ত হবেনা। S০৫৬.০০ এর সংজ্ঞানুযায়ী এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা ২(খ) অনুযায়ী সিডিবিএল ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নয়। যদি সিডিবিএল ব্যাংকিং বা নন-ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হতো তবে তাকে বাংলাদেশ ব্যাংক থেকে নিবন্ধন সনদ গ্রহণ করতে হতো। সিডিবিএল স্টক ও সিকিউরিটিজ এক্সচেঞ্জ প্রতিষ্ঠান বিধায় বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন হতে আইন অনুযায়ী নিবন্ধন সনদ গ্রহণ করেছে।

(চ) S০৫৬ এর বিপরীতে ব্যাংকিং ও নন ব্যাং-কিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সংজ্ঞা হলো:

"ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ কোনো রাষ্ট্রায়ত্ত, দেশিয় বা বিদেশি বাণিজ্যিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২ এর দফা (ক) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা, যাহারা কমিশন, ফি বা চার্জের বিনিময়ে যে কোনো মাধ্যমে ব্যাংকিং বা নন-ব্যাংকিং সেবা (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকে।"

"ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী" এর সংজ্ঞায় "স্টক এক্সচেঞ্জ তালিকাভূক্ত কোম্পানির শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত সেবা" কে অন্তর্ভুক্ত করা হয়নি। সুতরাং, এ বিষয় সুস্পষ্ট যে সিডিবিএল ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নয় বরং এটি স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান।

(ছ) পরিশেষে সিডিবিএল স্টক ও সিকিউরিটিজ এক্সচেঞ্জ প্রতিষ্ঠান হিসেবে দাবীকৃত মূসক ও সুদ যৌক্তিক নয় বিধায় তা প্রত্যাহারের আবেদন জানান।

০৪। সভায় উপস্থিত সকলের মতামত গ্রহণের পর এ মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে,

(ক) পর্যালোচনা শেষে প্রতীয়মান হয় যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর প্রথম তফসিলে "স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান" কে মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে। কিন্তু আইন, বিধি কিংবা তৎসংশ্লিষ্ট প্রজ্ঞাপনে "স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান" এর সংজ্ঞা নেই। সিডিবিএল শেয়ার ও স্টক ক্রয়-বিক্রয় নিষ্পত্তির কার্যক্রম সম্পন্ন করে বিধায় এটি স্টক ও সিকিউরিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠান। সুতরাং প্রথম তফসিল অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের স্টক ও সিকিউরিটিজ সংক্রান্ত কার্যাবলীর উপর মূসক প্রযোজ্য নয়। মূসক ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এ বিষয়টি আরো স্পষ্টীকরণের ব্যবস্থা নেয়া যায়।

০৫। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**[ মোঃ মাসুদ সাদিক ]**
সদস্য (মূসক নীতি)

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০০৫.১৫/ ২৬৫(৮)

তারিখঃ ১২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

**বিতরণঃ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-২। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নীরিক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটি কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। চেয়ারম্যান, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, স্টক এক্সচেঞ্জ ভবন, ৯/এফ, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

৫। চেয়ারম্যান, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লি: (সিডিবিএল), বিডিবিএল ভবন (১৮ তলা), ১২, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

৬। চেয়ারম্যান, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, ৮, রাজউক এভিনিউ, বিডিবিএল ভবন, (লেভেল ১৪-১৭), ঢাকা-১০০০।

৭। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।

৮। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে আপলোডকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৯-১০। প্রথম সচিব (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**[ কাজী রেজাউল হাসান ]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)